পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র
Since-1986

# পদক্ষেপ ই নিউজ

(পদক্ষেপ এর একটি মাসিক 'ই' সাময়িকী)

৯ম বর্ষ | ৮৯ তম সংখ্যা | জুলাই ২০২০


## সমৃদ্ধি কর্মসূচির আওতায় বিশেষ সঞ্চয় কার্যক্রম চালু

সুনামগঞ্জ সদর উপজেলার সুরমা ইউনিয়নে পিকেএসএফ এর সহযোগিতায় সমৃদ্ধি কর্মসূচির আওতায় দরিদ্র পরিবারসমূহের সঞ্চয় ও সম্পদ বৃদ্ধিতে প্রণোদনা ও সহায়তা প্রদানের লক্ষ্যে বিশেষ সঞ্চয় কার্যক্রম চালু করা হয়েছে। সুরমা ইউনিয়নে বাস্তবায়িত এই সঞ্চয় কার্যক্রমের আওতায় সদস্যগণ মাসিক নির্দিষ্ট হারে দুই বছর মেয়াদী অর্থ জমা করলে সমপরিমান প্রণোদনাসহ অর্থ প্রদান করা হবে। এরই ধারাবাহিকতায় গত ২৭ জুলাই ২০২০ তারিখে বেরীগাঁওস্থ সমৃদ্ধি কর্মসূচির কার্যালয়ে ৩ জন সদস্যকে ৫১,৯৪২/- টাকার প্রণোদনার চেক প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সুরমা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আঃ ছত্তার ডিলার, সহকারী শিক্ষক ও বিশিষ্ট সমাজসেবক জুয়েল আহম্মদ, পদক্ষেপ এর সুনামগঞ্জ এরিয়ার এরিয়া ম্যানেজার মোঃ গোলাম এহিয়া, সমৃদ্ধি কর্মসূচী সমন্বয়কারী মোঃ মতিউর রহমান প্রমূখ। চলমান কার্যক্রমের আওতায় এপর্যন্ত ৬ জন সদস্যকে মোট ১.১০ লক্ষ টাকা প্রণোদনার অর্থ প্রদান করা হয়েছে।

## এগিয়ে চলেছে ভিজিডি প্রকল্পের কার্যক্রম

বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আর্থিক সহায়তায় জুলাই ২০১৯ থেকে পদক্ষেপ রংপুর জেলার তারাগঞ্জ উপজেলার ৩টি ইউনিয়নে "Vulnerable Group Development (VGD)" প্রকল্প বাস্তবায়ন করছে। ভিজিডি প্রকল্প অতি দরিদ্র পরিবারের জন্য একটি বৃহত্তম সামাজিক সুরক্ষা কার্যক্রম। এই প্রকল্পের মূল লক্ষ্য হলো ভিজিডি সুবিধাভোগীদের আর্থসামাজিক উন্নয়ন করা। প্রকল্পের মূল কার্যক্রমের মধ্যে রয়েছে আয়বর্ধণমূলক কার্যক্রম (আইজিএ), স্বাস্থ্য, পুষ্টি ও ব্যক্তিগত পরিচ্ছন্নতা বিষয়ক প্রশিক্ষণ প্রদান, সঞ্চয় সংগ্রহ ও ব্যবস্থাপনা এবং ভিজিডি কার্ডধারীদের মঝে খাদ্য বিতরণ কাজ পরিবীক্ষণ করা ইত্যাদি। প্রকল্পের সুবিধাভোগী হলো ২০৫০ জন ভিজিডি কার্ডধারী। এই প্রকল্পের আওতায় জুলাই ২০২০ মাসে ৩টি ব্যাচে ৭৫ জনকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া ৪টি ব্যাচে ৭৫ জন ভিজিডি কার্ডধারীকে মা ও শিশু স্বাস্থ্য, খাদ্য ও পুষ্টি সম্পর্কিত বিষয়ে এবং ১০০ জনকে আয়বর্ধণমূলক বিভিন্ন বিষয় যেমন-পোল্ট্রি ফার্মিং, মহিলা গার্ডেনিং ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

## দিনাজপুর সদর ব্রাঞ্চের সদস্য কল্যাণ তহবিলের সুবিধা প্রদান বিষয়ক সভা অনুষ্ঠিত

গত ২২ জুলাই ২০২০ তারিখ পদক্ষেপ এর দিনাজপুর জোনের দিনাজপুর সদর ব্রাঞ্চের সদস্য কল্যাণ তহবিল হতে সুবিধা প্রদান বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

সভায় সূর্যমূখী মহিলা সমিতির সদস্য মোছাঃ নাজমা বেগম এর স্বামীর মৃত্যুজনিত কারণে সদস্য কল্যাণ তহবিল সুবিধার মাধ্যমে ২,০৮,৬০০/- টাকার ঋণ মওকুফ এবং তার জমাকৃত ২৭,৩০০/- টাকার সঞ্চয় ফেরত দেওয়া হয়। তিনি গত ২৮ অক্টোবর ২০১৯ তারিখ ২,২৮,৬০০/- টাকা ঋণ গ্রহণ করে ২০ হাজার টাকার একটি কিস্তি প্রদান করেছিলেন। অনুষ্ঠানে দিনাজপুর সদরের আল-আকসা জামে মসজিদের ইমাম মাওলানা মোঃ সেলীম রেজা, হীড বাংলাদেশ এর ব্রাঞ্চ ম্যানেজার মোঃ ফিরোজ জামান ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। এসময় পদক্ষেপ এর দিনাজপুর জোনের জোনাল ম্যানেজার ফখরুল আহমেদ, দিনাজপুর এরিয়ার এরিয়া ম্যানেজার মোঃ শফিকুল ইসলাম ও ব্রাঞ্চ ম্যানেজার মোঃ আব্দুল মানিক'সহ ব্রাঞ্চের অন্যান্য কর্মী ও উপকারভোগী উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে কোভিড-১৯ মহামারী থেকে দেশের সকল জনগণ, সংস্থার সর্বস্তরের কর্মী/কর্মকর্তাদের সুরক্ষা এবং প্রয়াত এরিয়া ম্যানেজার রুহুল আমীন এর আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হয়। সভায় বক্তারা পদক্ষেপ এর এ ধরনের কর্মসূচির ভূয়সী প্রশংসা করেন।

২য় পৃষ্ঠায় দেখুন

# টিআর/কাবিটা কর্মসূচির ২য় পর্যায়ের সম্পন্নকৃত কার্যক্রম পরিদর্শন

পদক্ষেপ বাংলাদেশ সরকারের বিনামূল্যে দূর্যোগ সহনীয় গৃহ নির্মাণ প্রকল্পের বাসগৃহে সোলার হোম সিস্টেম স্থাপন কার্যক্রম বাস্তবায়ন করছে। "গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ/ সংস্কার (টিআর/কাবিটা) কর্মসূচির আওতায় গত ১৮ জুলাই ২০২০ তারিখে বিরল উপজেলার ৯টি ইউনিয়নে একযোগে ৭০টি বিভিন্ন ওয়াট পাওয়ারের সোলার হোম সিস্টেম এবং ৭টি ষ্ট্রিট লাইট স্থাপন সম্পন্ন করা হয়।

উল্লেখিত কর্মসূচির মাধ্যমে ২০১৯-২০২০ অর্থবছরের ২য় পর্যায়ে বিরল উপজেলায় ১৬৪টি সোলার হোমসিস্টেম এবং ১২৪টি ষ্ট্রিট লাইটসহ মোট ২৮৮টি সোলার সিস্টেম স্থাপন করা হয়। কর্মসূচির বরাদ্দকৃত মোট ১,০৫,২২,৮৬১/- টাকার কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। উক্ত কার্যক্রমগুলো সরেজমিন পরিদর্শন করেন দিনাজপুর

জোনের জোনাল ম্যানেজার ফখরুল আহমেদ। এসময় উপস্থিত ছিলেন Southern Renewable Energy এর প্রকৌশলী নাজমুল ইসলাম, দিনাজপুর এরিয়ার এরিয়া ম্যানেজার মোঃ শফিকুল ইসলাম, সিনিয়র এ্যাডমিন অফিসার মোঃ সাইদুর রহমান প্রমূখ।

## পিআইডিএম এ মাসে সেবা দিয়েছে ৩৩৪ জনকে

পদক্ষেপ পিআইডিএম-এ পদক্ষেপ'সহ সরকারী বেসরকারী বিভিন্ন প্রতিষ্ঠানের সহযোগিতায় ও যৌথ ব্যবস্থাপনায় বিভিন্ন বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়ন করে আসছে। জুলাই ২০২০ মাসে পদক্ষেপ'সহ ৫টি উন্নয়ন সহযোগী সংস্থার মোট ৩৩৪ জন কর্মী/উপকারভোগীকে ১৭টি ব্যাচে খাদ্য, ভেন্যু ও আবাসন সেবা প্রদান করা হয়েছে। সর্বমোট ৩৩৪ জন কর্মী/উপকারভোগীর মধ্যে পদক্ষেপ এর ১ জন এবং অন্যান্য সংস্থার ৩৩৩ জন সেবা গ্রহণ করেছে।

# এনজিও মনিটরিং কমিটি গঠনে পদক্ষেপ এর অংশগ্রহণ



চট্টগ্রাম জেলার নবগঠিত কর্ণফুলী উপজেলা এর এনজিও ফোরামের মাসিক সমন্বয় সভা ভার্চুয়াল প্রযুক্তির মাধ্যমে উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ নোমান হোসেন মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। গত ১২ জুলাই ২০২০ তারিখে অনুষ্ঠিত সভার শুরুতে বিগত সভার সিদ্ধান্ত সমূহের উপর আলোকপাত করেন এনজিও ফোরামের সমন্বয়কারী ও সুকন্যা এনজিও এর সিইও ওসমান হোসাইন। উক্ত সভায় অংশগ্রহণ করেন পদক্ষেপ'সহ বিভিন্ন এনজিও প্রতিনিধিবৃন্দ। অন্যান্যের মধ্যে সুর্যের হাসি নেটওয়ার্ক, মমতা, বুরো বাংলাদেশ, উদ্দীপন, ব্র্যাক, টি,এম,এস,এস, অন্তর, ব্রাদার ফ্লেভিয়ান ট্রেনিং স্কুল, বীজ, কোডেক, এস,এস,এস, বিডস্, প্রতিশ্রুতি এর প্রতিনিধিবৃন্দ উপস্থিত থেকে গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করেন।

নির্ধারিত আলোচনা শেষে উপজেলা নির্বাহী কর্মকর্তা মহোদয় ৩০ সেপ্টেম্বর ২০২০ তারিখ পর্যন্ত ঋণের কিস্তির টাকার জন্য কোন গ্রাহককে চাপ সৃষ্টি ও অসৌজন্যমূলক আচরণ না করার জন্য নির্দেশনা প্রদান করেন। কোন এনজিও উক্ত নির্দেশনা অমান্য করলে এবং তা প্রমাণিত হলে ফোরাম কর্তৃক জরুরী ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় এবিষয়ে কর্ণফুলী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুকান্ত সাহাকে প্রধান করে ৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির সদস্যরা হলেন, সুর্যের হাসি এর ম্যানেজার হুমায়ুন কবির, এনজিও ফোরামের সমন্বয়কারী ও সুকন্যা এর সিইও ওসমান হোসাইন, কারিতাস এর অধ্যক্ষ জুয়েল চাকমা ও শিক্ষক প্রতিনিধি নাছির আহমেদ।

## জুলাই মাসে প্রশিক্ষণ পেয়েছে ৯৫ জন

পদক্ষেপ এর ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচির মাঠ পর্যায়ে এবং প্রধান কার্যালয়ে **জুলাই ২০২০ মাসে** সর্বমোট ৯৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এরমধ্যে অভ্যন্তরীণ ভাবে গত ৭-৮ জুলাই ২০২০ তারিখে ১১ জন ড্রাইভারকে এবং ১৩-১৪ জুলাই ২০২০ তারিখে ১৭ জন সার্ভিস ষ্টাফকে ক্লাস রুম ভিত্তিক 'করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ বিস্তার প্রতিরোধ ও পেশাগত দক্ষতা উন্নয়ন' বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পাশাপাশি ৬৭ জন এরিয়া ম্যানেজার/এরিয়া কোঅর্ডিনেটর/সি: অফিসার এ্যাডমিন এ্যান্ড একাউন্টসকে একই বিষয়ে ২০, ২১ ও ২৩ জুলাই ২০২০ তারিখ অনলাইনভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

## জুলাই মাসে রেমিটেন্স লেনদেন হয়েছে ১০৬৩টি

জুলাই ২০২০ মাসে বিভিন্ন ব্রাঞ্চের মাধ্যমে মোট ১০৬৩ জন গ্রাহককে ৫.১১ কোটি টাকা রেমিটেন্সের অর্থ প্রদান করা হয়েছে। এভাবে এপর্যন্ত পদক্ষেপ মোট ১,৩৫,৭৯৬ জন গ্রাহককে ৪০৩.০৬ কোটি টাকা রেমিটেন্সের অর্থ প্রদান করেছে। উল্লেখ্য যে, ক্ষুদ্রঋণ কার্যক্রমের সাথে পদক্ষেপ দেশব্যাপী মানিগ্রাম, ট্রান্স-ফাস্ট, এক্সপ্রেস মানি, সিবিএল মানি ট্রান্সফার, ইজেড রেমিট, ইনস্ট্যান্ট ক্যাশ, রিয়া'সহ মোট ২৮টি এক্সচেঞ্জ হাউজ/ প্রতিষ্ঠানের মাধ্যমে দ্রুততম সময়ে বিদেশ হতে প্রেরিত রেমিটেন্স গ্রাহকের হাতে পৌঁছে দিচ্ছে।

## জুলাই মাসে ৩৭ জনকে নিয়োগ দিয়েছে পদক্ষেপ

**পদক্ষেপ কর্তৃক জুলাই ২০২০ মাসে সারাদেশে পুকুর খাল উন্নয়ন প্রকল্পের জন্য ৩৬ জনকে কমিউনিটি এ্যাসিস্ট্যান্ট পদে এবং সমৃদ্ধি কর্মসূচীর সুরমা ব্রাঞ্চে ১ জনকে Environment Development Officer (EDO) পদে নিয়োগ প্রদান করা হয়েছে।**

## কর্মী কল্যাণ তহবিল, সিপিএফ ও অনুদান প্রদান

জুলাই ২০২০ মাসে সিপিএফ হতে ১ জন কর্মীকে ১৮,০৮৩/- টাকা এবং কর্মী কল্যাণ তহবিল হতে ১ জন কর্মীকে ১,৮০০/- টাকা ফেরত প্রদান করা হয়েছে। এছাড়া কর্মী স্বেচ্ছা সঞ্চয় ও বীমা প্রোগ্রাম থেকে ২২ জনকে ৫,৯৫,৪২৬/- টাকা প্রদান করা হয়েছে এবং কর্মী কল্যাণ তহবিল থেকে ২৩ জনকে ৩,৬৬,৮৭১/- টাকার অনুদান প্রদান করা হয়েছে।

**পাবলিকেশন ও ডকুমেন্টেশন সেকশন কর্তৃক প্রণয়নকৃত মাসিক ই-নিউজে আপনার আওতাধীন কার্যক্রমের প্রতিমাসের গুরুত্বপূর্ণ সংবাদ পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে zahid@padakhep.org ই-মেইলে জমা প্রদানের আহবান করা হলো।**

ই-নিউজ পড়ুন পদক্ষেপ এর সমসাময়িক ঘটনাবলী জানুন এবং ইমেইলের মাধ্যমে আপনার মতামত প্রদান করুন।